গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর :১৫.০০০০.০০.০২৯.১৬.০০১.২২.

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০
১৭ মে ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ভ্রমণ আদেশ।

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২.২.৫ সূচক অনুযায়ী দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। এ পরিপ্রেক্ষিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট নিম্নোক্ত ০৯(নয়) জন কর্মকর্তা ও কর্মচারী আগামি ১৯/০৫/২০২৩ তারিখ সকাল ১১:০০ টায় কক্সবাজারে অবস্থিত সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন-এর কার্যক্রম/ উদ্ভাবনী উদ্যোগ সরেজমিনে পরিদর্শন ও ব্যবহারিক সেশনে অংশগ্রহণ করবেন:

| ক্র.ম | নাম | পদবি | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ ফারুক আহমেদ | অতিরিক্ত সচিব | ০১৭১১৩৮৭৬২৩ |
| ০২. | জনাব মো: নজরুল ইসলাম | যুগ্মসচিব | ০১৭১২৫০২৯০৯ |
| ০৩. | জনাব মুহাম্মদ মকবুল হোসেন | উপসচিব | ০১৭৬০২২৩৩৮৮ |
| ০৪. | জনাব মো: মাহবুবুল কবীর সিদ্দিকী | সিস্টেম এনালিস্ট | ০১৫৫৬৪৭০৪৮০ |
| ০৫. | জনাব সাইফুল ইসলাম | প্রোগ্রামার | ০১৭১৬৭৬০০৩৫ |
| ০৬. | জনাব মোঃ আব্দুল্লাহ হেল কাফি | সহকারী প্রোগ্রামার | ০১৭১১৩৭২৪২৩ |
| ০৭. | জনাব মো: আব্দুল্লাহ সিদ্দিক | সহকারী সচিব | ০১৫৫৩৪৯০৯৮৬ |
| ০৮. | জনাব মোঃ রশিদ আলম খান | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১৫৫২৩৬৫৭৩৮ |
| ০৯. | জনাব আব্বাছ আলী | অফিস সহায়ক | ০১৮১৩৫২৫৩৭২ |

০২। কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

০৩। এ সংক্রান্ত ০৯/০৫/২০২৩ তারিখে জারিকৃত ১৫.০০০০.০০.০২৯.১৬.০০১.২২.১৮ নং পত্রটি বাতিল করা হলো।

০৪। বর্ণিত কর্মকর্তা/কর্মচারিগণকে ১৯/০৫/২০২৩ তারিখ সকাল ৯:৩০ মিনিটে ইউনি রিসোর্ট, কলাতলি মেইন রোড, প্লট: ০৭, ব্লক: সি, কক্সবাজার এ উপস্থিত থাকার নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

17/05/2023

(মোঃ আব্দুল্লাহ হেল কাফি)
সহকারী প্রোগ্রামার
ফোন-৫৫১০১০১০
e-mail: ap1@moi.gov.bd

নং- ১৫.০০০০.০০.০২৯.১৬.০০১.২২. 22/১(১০)

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০
১৭ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জনাব মোঃ ফারুক আহমেদ, অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. জনাব মো: নজরুল ইসলাম, যুগ্মসচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. জনাব মুহাম্মদ মকবুল হোসেন, উপসচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

০৫. জনাব মো: মাহবুবুল কবীর সিদ্দিকী, সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৬. জনাব সাইফুল ইসলাম, প্রোগ্রামার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭. জনাব মো: আব্দুল্লাহ সিদ্দিক, সহকারী সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮. জনাব মোঃ রশিদ আলম খান, হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯. জনাব মোঃ আব্দুল্লাহ হেল কাফি, সহকারী প্রোগ্রামার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০. জনাব আক্কাছ আলী, অফিস সহায়ক, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

17/05/2023

(মোঃ আব্দুল্লাহ হেল কাফি)
সহকারী প্রোগ্রামার

## পরিদর্শন প্রতিবেদন

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক [২.২.৫] "দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত" বিষয় উল্লেখ রয়েছে। অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে ৩১-০৫-২০২৩ তারিখের মধ্যে উক্ত পরিদর্শন সম্পন্নের বাধ্যবাধকতা রয়েছে। এ পরিদর্শনে কর্মসম্পাদন সূচকের মান ০৩(তিন), যা মন্ত্রণালয়ের এপিএ বাস্তবায়নের মানের সংগে আনুপাতিক হারে যোগ হবে। ই-গভর্ন্যান্সের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দেশের অভ্যন্তরে অন্য দপ্তরের/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করতে হবে এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন অনুসারে নম্বর প্রাপ্ত হবে-মর্মে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এ উল্লেখ রয়েছে।

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আইসিটির গুরুত্ব অপরিসীম। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সাবমেরিন ক্যাবলের মাধ্যমে প্রাপ্ত ইন্টারনেটের ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ। উল্লেখ্য BSCCL বাংলাদেশের একমাত্র আন্তর্জাতিক ক্যাবল অপারেটর এবং আইআইজি ও আইএসপি লাইসেন্সধারী। সংগত কারণে কর্মপরিকল্পনা বাস্তবায়নে বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লি: (BSCCL) এর কক্সবাজার ল্যান্ডিং স্টেশন পরিদর্শনের নিমিত্ত বাছাই করা হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার জনাব মোঃ ফারুক আহমেদ এর নেতৃত্বে যুগ্মসচিব (প্রশাসন) জনাব মো: নজরুল ইসলাম ও ইনোভেশন টিমের সকল সদস্যসহ মোট ০৯(নয়) জনের ০১টি পরিদর্শন টিম গঠন করা হয়।

উক্ত পরিদর্শন টিম ১৯-০৫-২০২৩ তারিখ কক্সবাজার ল্যান্ডিং স্টেশন পরিদর্শন করেন। ল্যান্ডিং স্টেশনের ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব সুরচিত বড়ুয়া পরিদর্শন দলকে স্বাগত জানান। এরপর ল্যান্ডিং স্টেশনের সম্মেলন কক্ষে ০১টি ব্রিফিং সেশনের আয়োজন করেন। জনাব মোহাম্মদ শিহাব শাহরিয়ার, সহকারী ব্যবস্থাপক (অপারেশন), কক্সবাজার ল্যান্ডিং স্টেশন পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সাগরে সাবমেরিন ক্যাবলের অবস্থান, ল্যান্ডিং স্টেশনের কার্যক্রম, বিভিন্ন স্যুইচিং ব্যবস্থা, ইকুইপমেন্ট পরিচিতি এবং সারা দেশে ইন্টারনেট যোগাযোগ পদ্ধতিসহ বিভিন্ন বিষয়ে বর্ণনা করেন। তিনি জানান যে, সংস্থাটি SEA-ME-WE 4 এবং SEA-ME-WE 5 নামক দুটি আন্তর্জাতিক সাবমেরিন ক্যাবল কনসোর্টিয়ামের সদস্য। SEA-ME-WE 5 এর জন্য সংস্থাটির ল্যান্ডিং স্টেশন চালু হয়েছে পটুয়াখালির কুয়াকাটাতে। সর্বপ্রকার আন্তর্জাতিক ভয়েস ও ডেটা সংযোগের জন্য সাবমেরিন ক্যাবল অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের মাধ্যমে ব্যান্ডউইথ প্রদান করা হচ্ছে। ব্রিফিং সেশনে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ স্বত:স্ফূর্ত অংশগ্রহণ করেন। সাবমেরিন ক্যাবল, বিভিন্ন ইকুইপমেন্ট, সুইচিং পদ্ধতিসহ বিভিন্ন বিষয়ে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ প্রশ্ন/আলোচনা করেন। ল্যান্ডিং স্টেশনের কর্মকর্তাগণ সকল প্রশ্নের জবাবসহ প্রাণবন্তভাবে সেশনটি পরিচালনা করেন।

চলমান পাতা-০২

পূর্ববর্তী পাতা-০১ হতে

এরপর পরিদর্শন দলকে ল্যান্ডিং স্টেশনের কর্মকর্তাগণ বিভিন্ন ইকুইপমেন্ট, সুইচিং ও পাওয়ার ডিষ্ট্রিবিউশন পদ্ধতি ইত্যাদি বিষয় সরেজমিনে ঘুরে ঘুরে দেখান। পরিদর্শক দল ল্যান্ডিং স্টেশনের বিভিন্ন কর্মকান্ড পরিদর্শন করে ইন্টারনেট বিষয়ে সাবমেরিন ক্যাবলের প্রয়োজনীয়তা, এর সুবিধা এবং স্যাটেলাইট ইন্টারনেট কানেকশনের মধ্যে পার্থক্য অনুধাবন করতে সক্ষম হয়েছেন। ল্যান্ডিং স্টেশনের কর্মকর্তাগণ মন্ত্রণালয়ের পরিদর্শন দলকে তাদের ল্যান্ডিং স্টেশন পরিদর্শনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব ল্যান্ডিং স্টেশনের কর্মকর্তাগণকে সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

**মন্তব্য:** স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ই-গভর্ন্যান্স-এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ পরিদর্শন বাস্তবায়ন করা হয়েছে। বাংলাদেশের ব্যান্ডউইথ এর বিশাল চাহিদা পূরণে BSCCL নতুন একটি কনসোর্টিয়াম SEA-ME-WE 6 এ শীঘ্রই যুক্ত হচ্ছে। পরিদর্শনের ফলাফল হিসেবে দলটি তথ্য প্রযুক্তির বর্তমান অবস্থা এবং ভবিষ্যতে SEA-ME-WE 6 এর অগ্রগতির সাথে কিভাবে খাপ খাওয়ানো যায় সে বিষয়ে জ্ঞান আহরণ করতে সক্ষম হয়েছেন।

**সুপারিশ:**

১। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে পরিদর্শনের জ্ঞান প্রয়োগ করে মন্ত্রণালয়ের ভবিষ্যত কর্মপরিকল্পনা প্রণয়ন করা যেতে পারে।

২। ই-গভর্ন্যান্স-এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ভবিষ্যতে এ ধরণের আরো পরিদর্শন করা যেতে পারে।

২৭/৬/২০২৬

(মোঃ ফারুক আহমেদ)
চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়